

কবিতা

কবিঃ তীর্থঙ্কর মুখার্জী

email: meettirthankar@gmail.com

মুখার্জী

আকাশে জমেছে কাল মেঘের তাল
চিন্তা করে দেখ -
ঐ পটভূমিতে উড়ে যাচ্ছে একমুঠো বক।
কোন পরোয়া নেই,
আজ দিনটা কি? কোন মাস? কোন সাল?
কত মুক্ত জীবন, চিন্তাধারা কী মহান।
শুধু ভাব, তলিয়ে ভেবে দেখ,
পারবে কি কোনদিন পেতে মন ওরকম?

দীন, দরিদ্র, ছোট মন নিয়ে ঘর করা;
বাঁচার ইচ্ছা যায় কমে।
কিন্তু তুমি নিরুপায় -
হায়।

ঘাড়ে বুড়ো মা-বাপ।
পাশে বিয়ে করা বৌ, পেট উঁচু,
আগন্তুক ঝঞ্ঝাটের প্রতিফলন।
তবে সে তো দোষী নয়;
তোমরাই তো মিটিয়েছ জৈবিক খিদে।
এবার সে আসবে, আসবেই।
অতঃপর তার লালন-পালন--পোষণ।
ছেলে হলে, চাকরির খোঁজে সে আর তুমি-

ক্ষয়ে যাবে চটির শুকতলা।

মেয়ে হলে তো কথাই নেই-

বিয়ে- বিয়ে - বিয়ে।

সঞ্চয় কিছু হাজার, এদিকে পণের দাবি শুনে

চক্ষু চড়কগাছ।

দশপাতার তালিকা।

দায় তো তোমার।

নিজেকে বিক্রি করে দাও ঘুষ,

ছেলের হিল্লো হবে।

কদিন পরে প্রেম, আর তারপর?

বউ নিয়ে আলাদা সংসার।

মেয়ের শ্বশুরবাড়ি থেকে আসবে

আরো, আরো, আরো পণের দাবি।

অপারগ হলে পরে,

যখন-তখন হয়ে যেতে পারে মেয়ের অপঘাত মৃত্যু।

আর যদি ছেলে বেকার আর মেয়ে আইবুড়ো?

তাও ছেলে রোজগেরে হবে।

জীবিকা অনেক আছে,

তবে কিছু সাদা আর বেশিটাই কাল।

আর মেয়ে?

রাতের আলো ছায়ায় তাকে পাবে রাস্তায় গলিতে,

চড়া সাজে উগ্র পোষাকে।

এরপরে যখন বাবার অসুখ,

মারা যাবে হাসপাতালের বারান্দায়।

তুমি একরাতে শেষ-শোয়া শোবে,

আর কোনদিন উঠবে না।

হেলের শেষ নিঃশ্বাস নিয়ে উড়ে যাবে পুলিশের গুলি।

এর আগে কোনদিন এক হওনি।

এবার একেবারে পাশাপাশি তিনজন - কত কাছাকাছি।

তিন তিনটে লাশ।

আস্তে আস্তে পচে যাবে,

গন্ধ ছড়াবে দশদিকে,

শেষকৃত্য হবে না।

মুখাঙ্গি করবে কে?